

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা।

স্মারক নং- এবিবি/সপ-২/প্রঃকাঃ/৮৪(অংশ-২)/২০০৮- ১২১৭১


তারিখ : ২৩ মার্চ, ২০১১

বিষয় : দেশের বিভিন্ন স্থানে মাদক দ্রব্যের চোরাচালান ও মাদক ব্যবসা প্রতিরোধ প্রসঙ্গে।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৭/০৩/২০১১ তারিখের পত্র সংখ্যা-২২.০৯.৩.০.০.১.২০১০-১৩১(২৫)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে অবহিত করা যাচ্ছে যে, সাম্প্রতিককালে ইয়াবা, ফেনসিডিলসহ ভয়াবহ মাদক দ্রব্যের অপব্যবহার যুব সমাজের মধ্যে আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়েছে যার ফলে নৈতিক অবক্ষয়সহ আইন-শৃংখলার উপর নেতিবাচক প্রভাব পড়ছে। সরকারও বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে ইতোমধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং পুলিশ প্রশাসনকে নির্দেশ দিয়েছে। এ বিষয়ে আইন শৃংখলাবাহিনীর যথাযথ ভূমিকা পালনের পাশাপাশি প্রয়োজন সামাজিক সচেতনতা সৃষ্টি। এ ক্ষেত্রে বেসরকারী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহ(এনজিওসমূহ) বলিষ্ঠ ভূমিকা পালন করতে পারে মর্মে সরকার দৃঢ়ভাবে বিশ্বাস করে।

এমতাস্থায় মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৩/০২/২০১১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বেচ্ছাসেবা কার্যক্রমের পাশাপাশি মাদক বিরোধী গণসচেতনতা বৃদ্ধির মাধ্যমে মাদকের অপব্যবহার রোধকল্পে সমাজের সর্বস্তরের মানুষকে উদ্বুদ্ধ করে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।


(মোঃ নূরুন নবী তালুকদার)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৬২৮৩৭।

নির্বাহী পরিচালক
সকল এনজিও